গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
(শিক্ষা শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪২.১৫০০.৬০৩.৭০.০০৭.২১- ৫২০ তারিখঃ ৬ সেপ্টেম্বর ২০২১খ্রি.

**বিষয়ঃ** **'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ'** শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য মাঠ প্রশাসনকে নির্দেশনা প্রদান প্রসঙ্গে ।

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, ঢাকার স্মারক নং-২৬৮, তাং-২৭/০৬/২০২১ খ্রি.
২) জাতীয় মানবাধিকার কমিশনের ডি. ও. নং-৯৩(০১) তারিখ:-২৬/০৮/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা ) নবম ও দশম এবং একাদশ ও দ্বাদশ শ্রেণি ও সমমানের ছাত্র/ছাত্রীদের মধ্যে সরাসরি/ অনলাইনে অংশগ্রহণের মাধ্যমে **'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ'** শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, সরাসরি/ অনলাইনে **'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ'** শীর্ষক রচনা প্রতিযোগিতায় ছাত্র/ছাত্রীদের ফলপ্রসু অংশগ্রহণ নিশ্চিত করনসহ সূত্রোক্ত স্মারকে বর্ণিত নির্দেশনার আলোকে বিষয়টি সকল প্রচার মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ২৬/০৯/২০২১খ্রি. তারিখের মধ্যে রচনাবলী ও ফলাফল বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৫ (পাঁচ) পাতা।

০৬/০৯/২০২১

মিল্টন বিশ্বাস
সহকারী কমিশনার (শিক্ষা)
ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
ফোন-০৩১-৬৩৪৩৫১ ফ্যাক্স-০৩১-৬৩৫২৭২
aceduchittagong@gmail.com

জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম
ও
সদস্য-সচিব, জেলা বাছাই কমিটি।

৩৪

মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
চট্টগ্রাম
তারিখ

মুজিব শতবর্ষ MUJIB 100

নাছিমা বেগম এনডিসি
চেয়ারম্যান
জাতীয় মানবাধিকার কমিশন
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ডি.ও নং- এনএইচআরসিবি/ চেয়ার/৪১৯/১৬- ডি.ও- ৯৩ (০১)

তারিখঃ ১১ ভাদ্র ১৪২৮ ব:
২৬ আগস্ট ২০২১ খ্রি:

প্রিয় সহকর্মী,
আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি অবগত আছেন যে, জাতীয় মানবাধিকার কমিশন মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নের অঙ্গীকার বাস্তবায়নে ২০০৯ সালে আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠা লগ্ন থেকে মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নে কমিশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় জাতীয় মানবাধিকার কমিশন **'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ'** শিরোনামে একটি রচনা প্রতিযোগিতার আয়োজন করছে। আপনাদের সহযোগিতায় অনুষ্ঠিতব্য প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের চূড়ান্ত মূল্যায়নে নির্বাচিত ১০০ জনকে মানবাধিকার বৃত্তি প্রদান করা হবে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি নৈতিকতা ও মানবিক গুনাবলীর চর্চা আগামী প্রজন্মকে সোনার বাংলা গড়তে শক্তি, বুদ্ধিমত্তা ও সাহস জোগাবে। এ লক্ষ্যে ব্যক্তি ও পারিবারিক পর্যায়ে নৈতিকতা ও মানবিক মূল্যবোধের চর্চা অব্যাহত রাখা প্রয়োজন।

মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর অবদান, সোনার বাংলা গড়ার প্রত্যয়, স্বাধীনতা সংগ্রামের প্রকৃত তাৎপর্য অনুধাবন ও মানবিক মূল্যবোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল-কলেজ ও মাদ্রাসার নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ছাত্র-ছাত্রীগণ এই রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, জাতীয় মানবাধিকার কমিশনের পরামর্শের আলোকে গত ২৭ জুন ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসকবৃন্দকে এতদসংক্রান্ত একটি নির্দেশনা প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। আরো উল্লেখ্য যে, ২০২০ সালে মাঠ প্রশাসনের সার্বিক সহযোগিতায় জাতীয় মানবাধিকার কমিশন ''বঙ্গবন্ধু ও মানবাধিকার'' শীর্ষক রচনা প্রতিযোগিতার সফলভাবে আয়োজন করে।

বর্ণিত প্রেক্ষাপটে, উক্ত রচনা প্রতিযোগিতায় অধিক সংখ্যক শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিতকরণ ও সংযুক্ত গাইড লাইনের আলোকে জেলা প্রশাসনকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ এর সফল আয়োজনে আপনার সার্বিক সহযোগিতা আমি একান্তভাবে কামনা করছি।

*শ্রেষ্ঠ বিভাগের পুরস্কার প্রাপ্তির জন্য অগ্রীম শুভ কামনা!*

২৬.৮.২০২১
**নাছিমা বেগম এনডিসি**

**মোঃ কামরুল হাসান, এনডিসি**
বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম বিভাগ

IMG-20210902-WA0001.jpg

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮
২৭ জুন ২০২১

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.২৬৮

বিষয়: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক "স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ" শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজনে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান।

সূত্র: জাতীয় মানবাধিকার কমিশনের স্মারক নম্বর: ৫৫.১২.০০০০.১০৭.২৩.০৩৭.২০.৪৩৫৩, তারিখ: ১৭.০৬.২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন "স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ" শিরোনামে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে আগ্রহী। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে নির্বাচিত/বিজয়ী প্রথম ১০০ (একশত) জন নবম থেকে দ্বাদশ ও সমমানের ছাত্র-ছাত্রীকে ০২ (দুই) বছরের জন্য জনপ্রতি মাসিক ২,০০০/-(দুই হাজার) টাকা করে "মানবাধিকার বৃত্তি" নামে বৃত্তি প্রদান করা হবে। বর্ণিত "স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ" শিরোনামে সরাসরি/অনলাইন রচনা প্রতিযোগিতার সফলভাবে আয়োজনে বিভাগীয় কমিশনারবৃন্দ ও জেলা প্রশাসকগণের সহযোগিতা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক "স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ" শিরোনামে সরাসরি/অনলাইন রচনা আয়োজনে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে এক পৃষ্ঠা। (2181/potrojariAttachmentRef/40168/0/28)

২৭-৬-২০২১
মোহাম্মদ আলতাফ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৬২৮২
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: mujib100@cabinet.gov.bd

বিতরণ:
১) বিভাগীয় কমিশনার (সকল)
২) জেলা প্রশাসক (সকল)

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮
২৭ জুন ২০২১

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.২৩.০০৯.২০.২৬৮/১(৪)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি
৩) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিব, জাতীয় মানবাধিকার কমিশন

## ‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ শিরোনামে আয়োজিত রচনা প্রতিযোগিতার ধারণাপত্র

ভুমিকাঃ

বঙ্গবন্ধু আজীবন স্বাধীনতা, জনগনের মুক্তি, ন্যায়পরায়ণতা ও মানবাধিকার প্রতিষ্ঠায় নিবেদিত প্রাণ ছিলেন। বঙ্গবন্ধুর আদর্শ প্রচেষ্টা ও ঐতিহ্যকে সামনে রেখে স্বাধীনতার সুবর্নজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের অংশ হিসেবে জাতীয় মানবাধিকার কমিশন ‘মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ’ শিরোনামে একটি রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে।

স্বাধীনতা সংগ্রামের প্রকৃত তাৎপর্য অনুধাবন ও মানবিক মূল্যবোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্কুল-কলেজ ও মাদ্রাসা পর্যায়ে এ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। দেশের সকল উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের (মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা) নবম ও দশম (সমমান) এবং একাদশ ও দ্বাদশ (সমমান) শ্রেণির ছাত্র-ছাত্রীরা এই রচনা প্রতিযোগিতায় সরাসরি অংশগ্রহণ করতে পারবে।

প্রতিযোগিতায় নির্বাচিত/বিজয়ী ‘ক’ গ্রুপে ৫০ জন এবং ‘খ’ গ্রুপে ৫০ জন; সর্বমোট ১০০ জন মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা করে মোট ০২ বছর (২৪ মাস) ‘মানবাধিকার বৃত্তি’-এর জন্য নির্বাচিত হবে। বৃত্তির অর্থ নির্বাচিত বিজয়ীদের মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে প্রতি মাসে ইএফটি পদ্ধতিতে পৌঁছে দেওয়া হবে।

নিম্নবর্ণিত উপজেলা ও জেলা বাছাই কমিটি প্রতিযোগী বাছাইয়ের নির্দেশিকা অনুসরণ করে প্রতি জেলা হতে মেধাক্রম অনুসারে ১০টি করে রচনা কমিশনে প্রেরণের ব্যবস্থা নিবেন।

### উপজেলা বাছাই কমিটি

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) | আহ্বায়ক |
| ০২ | উপজেলা সদর সরকারি কলেজের অধ্যক্ষ | সদস্য |
| ০৩ | উপজেলা সদর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ০৪ | উপজেলা সদর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ০৫ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য সচিব |

### জেলা বাছাই কমিটি

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ০২ | জেলা সদর সরকারি কলেজের অধ্যক্ষ | সদস্য |
| ০৩ | জেলা সদর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ০৪ | জেলা সদর সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য |
| ০৫ | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য সচিব |

উল্লেখ্য যে, সাহিত্য-সংস্কৃতিতে বোদ্ধা এমন দুইজন ব্যাক্তিকে সদস্য হিসেবে প্রয়োজনে আহ্বায়ক কো-অপ্ট করতে পারবে।

## 'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ' শিরোনামে আয়োজিত রচনা প্রতিযোগিতার প্রতিযোগী বাছাইয়ের নির্দেশিকাঃ

**মাঠ পর্যায়ঃ**

০১. নবম ও দশম (সমমান) শ্রেণীর প্রতিযোগী সমন্বয়ে 'ক' গ্রুপ ১০০০ হতে ১২০০ শব্দে রচনা লিখবে;

০২. একাদশ ও দ্বাদশ শ্রেণী (সমমান) প্রতিযোগী সমন্বয়ে 'খ' গ্রুপ ১২০০ হতে ১৫০০ শব্দে রচনা লিখবে;

০৩. স্থানীয় প্রশাসন হতে স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান শিক্ষক ও অধ্যক্ষের নেতৃত্বে এতদসংক্রান্ত একটি কমিটি গঠন করবে;

০৪. রচনাগুলি যথাযথভাবে মূল্যায়নপূর্বক প্রতি গ্রুপের সেরা ১০টি রচনাসহ উত্তরপত্রের উপরের অংশে প্রতিযোগীর নাম, শ্রেণি, রোল নং, প্রতিষ্ঠানের নাম, ফোন/মোবাইল নং ইত্যাদি উল্লেখ করে 'উপজেলা বাছাই কমিটি'-এর সদস্য সচিব বরাবর প্রেরণ করবে;

০৫. প্রতিটি উত্তরপত্রে পরিদর্শকের স্বাক্ষর থাকতে হবে;

০৬. প্রতি উপজেলায় উভয় গ্রুপ হতে সর্বোচ্চ ১০ জন করে প্রতিযোগী বাছাই হয়ে জেলা পর্যায়ে সরাসরি প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে;

০৭. প্রতি জেলা হতে উভয় গ্রুপের সেরা ২০টি (১০+১০) রচনা নির্বাচনপূর্বক সীল গালা করে 'জেলা বাছাই কমিটি'-এর পক্ষ হতে জাতীয় মানবাধিকার কমিশনে প্রেরণ করবে;

**কেন্দ্রিয় পর্যায়ঃ**

০১. কমিশন কর্তৃক বিশেষজ্ঞ প্যানেলের মাধ্যমে দুটি গ্রুপে মোট (৬৪ × ১০)= ৬৪০টি এবং (৬৪ × ১০)=৬৪০টি সর্বমোট ১২৮০টি রচনার মধ্যে প্রথম ধাপে (১৫০+১৫০)= ৩০০ টি রচনা বাছাই করা হবে; জেলাওয়ারি রচনা বাছাইয়ে ০৩ (তিন) জন সমন্বয়ে বিশেষজ্ঞ প্যানেলের কাছে রচনা প্রেরণের অনুপাত হবে (২১+২১+২২) জেলা হিসেবে;

০২. প্রথম ধাপে প্রাপ্ত ৩০০টি রচনা হতে ১৫০টি রচনা (৭৫+৭৫) দ্বিতীয় ধাপে যাচাই-বাছাই করা হবে;

০৩. তৃতীয় ধাপে প্রাপ্ত ১৫০টি রচনা হতে অনলাইন মাধ্যমে প্রতিযোগিদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং চূড়ান্তভাবে ১০০টি রচনা বাছাই করা হবে। এতে সরাসরি/জুম প্লাটফর্মে প্রতিযোগিদের কাছে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, স্বাধীনতা, মূল্যবোধ সম্পর্কিত কিছু প্রশ্ন করা হবে। প্রশ্নের উত্তর সঠিকভাবে প্রদানের

ভিত্তিতে সেরা ১০০ জন বাছাই করা হবে (এই ১০০ জনকে দুই বছরের জন্য মাসিক জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা করে বৃত্তি প্রদান করা হবে;

০৪. বাছাইকৃত ১০০টি (৫০+৫০) রচনা নিয়ে কমিশন থেকে একটি গ্রন্থ প্রকাশ করা হবে;

০৫. জাতীয় মানবাধিকার কমিশন কর্তৃক আগামী ১০ ডিসেম্বর ২০২১ তারিখ 'মানবাধিকার দিবস' উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ১০০ জন সেরা প্রতিযোগীকে পুরষ্কার, সার্টিফিকেট ও দুই বছর মেয়াদে মাসিক জনপ্রতি ২০০০/- (দুই হাজার) টাকা করে বৃত্তি প্রদান কার্যক্রমের উদ্বোধন করা হবে।

## রচনা প্রতিযোগিতার সময়সীমাঃ

| পর্যায় | মাস/ কার্যক্রম | আগস্ট ২০২১ | সেপ্টেম্বর ২০২১ | অক্টোবর ২০২১ | নভেম্বর ২০২১ | ডিসেম্বর ২০২১ |
|---|---|---|---|---|---|---|
| মাঠ পর্যায় | সকল জেলা প্রশাসকের বরাবর ধারণাপত্র ও সময়সূচি প্রেরণ | ২৬.০৮.২০২১ | | | | |
| | বিভাগীয় কমিশনার পর্যায়ে প্রস্তুতি সভা অনুষ্ঠান | ০১.০৯.২০২১ | | | | |
| | গণমাধ্যমে রচনা প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিজ্ঞাপন/এসএমএস প্রচার | ৩১.০৮.২০২১ হতে ০৭.০৯.২০২১ | | | | |
| | রচনা প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপজেলা/জেলা পর্যায়ের রচনা যাচাই বাছাই ও সংশ্লিষ্ট জেলা/উপজেলা কমিটির কার্যক্রম | | ০১.০৯.২০২১ হতে ০৭.০৯.২০২১ | | | |
| | **রচনা প্রতিযোগিতায় সংশ্লিষ্ট উপজেলা/জেলা পর্যায়ের শিক্ষার্থীদের কাছ থেকে রচনা সংগ্রহের সময়সীমা** | | ১০.০৯.২০২১ হতে ২৫.০৯.২০২১ | | | |
| | **জেলা কমিটি হতে কমিশন বরাবর রচনা দাখিলের শেষ সময়** | | ২৮.০৯.২০২১ | | | |
| কেন্দ্রিয় পর্যায় | চূড়ান্ত বিজয়ী নির্বাচন সম্পন্নকরণ ও বিজয়ী ১০০ জনের নাম ঘোষণা | | | | ১৫.১১.২০২১ | |
| | বিজয়ীদের বৃত্তি প্রদান কার্যক্রমের উদ্বোধন | | | | | ১০.১২.২০২১ |

https